

# জবি প্রক্টরের ওপর হামলা

অনলাইন ডেস্ক

০৬ জানুয়ারি, ২০২৫  
২০:৩৫

শেয়ার

অ +

অ -



অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হক। ফাইল ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজাম্মুল হকের ওপর হামলার ঘটনা ঘটেছে। এ সময় তার গাড়িও ভাঙচুর করা হয়েছে।

সোমবার (৬ জানুয়ারি) সন্ধ্যায় রাজধানীর তাঁতীবাজার-গুলিস্তানের মাঝামাঝি রাস্তায় এই ঘটনা ঘটে।

রাজধানীর বংশাল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এই তথ্য নিশ্চিত করে বলেন, প্রক্টরের গাড়িতে হামলাকারীদের থানায় নিয়ে আসা হয়েছে।

জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।